



# ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

(An Enterprise of Bangladesh Power Development Board)

Unique Heights (Level-15 & 16), 117 Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217  
Tel: 55138633-36 (PABX), Fax: 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: www.egcb.com.bd

সূত্র নং- ২৭.২৭.২৬৬৬.১০৩.০৮.০১৭.১৭.২২৮

তারিখঃ ০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

## “সার্কুলার”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৪/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইজিসিবি লিঃ এর ১৫/২০১৭ নং বোর্ডসভায় “ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর ক্রয় নীতিমালা, ২০১৫” এর সংশোধনী অনুমোদিত হয়েছে, যা নিম্নে দেখানো হলো :

অনুচ্ছেদ	বিদ্যমান শর্ত	সংশোধিত শর্ত
উপ-অনুচ্ছেদ- ৪.০৩	যে সকল পণ্য, কার্য এবং সেবা ক্রয়ের ক্ষেত্রে নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/বোর্ড অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/মহা ব্যবস্থাপক কর্তৃক কারিগরী অনুমোদন প্রদান করিতে হইবে। অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে পণ্য, কার্য এবং সেবা ক্রয়ের অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কারিগরী অনুমোদন প্রদানের জন্যও ক্ষমতাবান।	যে সকল পণ্য, কার্য এবং সেবা ক্রয়ের ক্ষেত্রে বোর্ড অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত, সে সকল ক্ষেত্রে বোর্ডের নিকট হইতে কারিগরী অনুমোদন গ্রহণের পর ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক প্রাক্কলন স্বাক্ষর করিতে হইবে। অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে পণ্য, কার্য এবং সেবা ক্রয়ের অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কারিগরী অনুমোদন প্রদানের জন্যও ক্ষমতাবান।
উপ-অনুচ্ছেদ- ৫.০৩	কারিগরী অনুমোদন প্রদানকারী কর্মকর্তা কর্তৃক দরপত্র দলিল অনুমোদিত হইতে হইবে।	কারিগরী অনুমোদন প্রদানকারী কর্মকর্তা কর্তৃক দরপত্র দলিল অনুমোদিত হইতে হইবে। তবে যেই ক্ষেত্রে কারিগরী অনুমোদনে বোর্ড ক্ষমতাবান সেই ক্ষেত্রে দরপত্র দলিল ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।
উপ-অনুচ্ছেদ- ১৩.১১	অনুমোদনকারী কর্তৃপক্ষ, বিশেষ কোন দরপত্র বা প্রস্তাব মূল্যায়নে কারিগরী সহায়তা আবশ্যিক বলিয়া অনুভূত হইলে পরিশিষ্ট-১ এ বর্ণিত সময়সীমা অনুসরণ সাপেক্ষে, সর্বোচ্চ ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরী সাব-কমিটি গঠন করিতে পারিবে।	অনুমোদনকারী কর্তৃপক্ষ, বিশেষ কোন দরপত্র বা প্রস্তাব মূল্যায়নে কারিগরী সহায়তা আবশ্যিক বলিয়া অনুভূত হইলে পরিশিষ্ট-১ এ বর্ণিত সময়সীমা অনুসরণ সাপেক্ষে, সর্বোচ্চ ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কারিগরী সাব-কমিটি গঠন করিতে পারিবে। তবে যদি পরিচালনা পর্ষদ অনুমোদনকারী কর্তৃপক্ষ হয়, তাহা হইলে পরিচালনা পর্ষদের সভাপতির অনুমোদনক্রমে কারিগরী সাব-কমিটি নিয়োগ করিতে হইবে।

নির্দেশক্রমে,



উপ মহাব্যবস্থাপক (এইচআর)  
কর্পোরেট অফিস,  
ইজিসিবি লিঃ, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি লিঃ, ঢাকা।
- ২) নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ/ প্রকৌশল), ইজিসিবি লিঃ, ঢাকা।
- ৩) প্রধান প্রকৌশলী, হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি, ইজিসিবি লিঃ, হরিপুর, নারায়নগঞ্জ।
- ৪) প্রধান প্রকৌশলী, সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি, ইজিসিবি লিঃ, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ।
- ৫) প্রকল্প পরিচালক, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি প্রকল্প, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ।
- ৬) কোম্পানী সচিব, ইজিসিবি লিঃ, ঢাকা।
- ৭) সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক, ইজিসিবি লিঃ।
- ৮) সকল নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক, ইজিসিবি লিঃ।
- ৯) নির্বাহী প্রকৌশলী (আইসিটি), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা [ ইজিসিবি লিঃ এর অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো ]।
- ১০) উপ-ব্যবস্থাপক (এইচআর/হিসাব/অর্থ/অডিট)/ সহকারী ব্যবস্থাপক (অর্থ/অডিট), কর্পোরেট অফিস/ সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি/ হরিপুর ৪১২ মেঃওঃ সিসিপিপি/সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি প্রকল্প, ইজিসিবি লিঃ, সিদ্ধিরগঞ্জ/হরিপুর, ঢাকা/ নারায়নগঞ্জ।
- ১১) উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী (পিএন্ডডি/প্রকিউরমেন্ট/আইসিটি), কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা।
- ১২) অফিস কপি।